দৈনিক বাংলা

তারিখ 04 NOV 1987
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

(61

# শিক্ষার পরিবেশ ফিরে এসেছে ঃ শিক্ষামন্ত্রী

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বলেছেন, দারিদ্র এবং অশিক্ষাই পরিবেশ দূষণের মূল করণ। তিনি বলিন, ন্যূনতম জীবন ধারনের জন্যে যাদের অন্ন

(৫-এর পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

বস্ত্রের সংস্থান নেই. রোগ ব্যাধি নিবারণে যাদের চিকিৎসার ব্যবস্থা নেই এবং সামান্য মাথা গোজার জন্য যাদের বাসস্থানের সুযোগ নেই তাদের কাছে পরিবেশ উন্নয়নের বিষয় বড় নয়।

মঙ্গলবার জাতীয় যাদুঘর মিলনায়তনে সম্মিলিত মহিলা ফেডারেশন ও পরিবেশ সাংবাদিক ফোরামের যৌথভাবে আয়োজিত পরিবার পরিবেশ উন্নয়নে সমাজ কর্মীর ভূমিকা শীর্ষক সেমিনারের মন্ত্রী উদ্বোধন করছিলেন।

সম্মিলিত মহিলা ফেডারেশনের সভানেত্রী ডক্টর শাফিয়া খাতুনের সভানেত্রীত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি ছিলেন পরিবেশ সাংবাদিক ফোরামের সভাপতি এ বি এম মুসা। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল বিভাগের শিক্ষক ডক্টর রেজী এম আহসান। আলোচনায় অংশ নেন ফেডারেশনের সেক্রেটারী জেনারেল বেগম সেতারা মুসা, বেগম হোসনে আরা এহসান প্রমুখ।

শিক্ষামন্ত্রী বলেন, পরিবেশ বলতে গাছপালা, বন ও আবহাওয়াকেই বুঝায় না। সমাজের সামগ্রিক অবস্থাই পরিবেশের আওতাধীন। তিনি বলেন, সাম্প্রতিককালে শিক্ষা ক্ষেত্রে পরিবেশ দূষণের যে আলামত লক্ষ্য করা গিয়েছিল তা ছিল খুবই ভয়াবহ। তিনি এ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কথা উল্লেখ করে বলেন, কিছুদিন আগেও সেখানে কলমের বদলে ছোরা বই ও ক্লাশের বদলে বোমাবাজি এবং পারস্পরিক মৈত্রীর বদলে হানাহানির ঘটনা ঘটেছে। অবশ্য এ অবস্থার এখন অবসান হয়েছে। বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা-প্রতিষ্ঠানেগুলোতে এখন শিক্ষার পরিবেশ ফিরে এসেছে।

বিশেষ অতিথির বক্তৃতায় জনাব এ বি এম মুসা পরিবেশ উন্নয়নে সম্মিলিত কর্মসূচী গ্রহণের আহবান জানান।

সেমিনারে পঠিত মূল প্রবন্ধে ডক্টর রেজী এম আহসান বলেন, বাংলাদেশের বড় শহরগুলোর জনসংখ্যার শতকরা ৪৫ ভাগই দারিদ্র সীমার নীচে। এ সকল দরিদ্র এলাকার পরিবারের বাসস্থান, পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশনের সমস্যা প্রকটভাবে দেখা দিয়েছে। ফলে অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হচ্ছে।

তিনি তার এক সমীক্ষার উল্লেখ করে বলেন, বাংলাদেশের ছোট ছোট শহরগুলোতে প্রায় ৫০ থেকে ৮৬ শতাংশ পরিবারে দেখা গেছে তারা বিশুদ্ধ পানীয় জল থেকে বঞ্চিত।

সভাপতির বক্তৃতায় ডক্টর শাফিয়া খাতুন বলেন, তার সংগঠন সম্মিলিত মহিলা ফেডারেশন পরিবেশ উন্নয়নে বেশ কিছু কর্মসূচী গ্রহণ করেছে।